# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali TextBulletin

**31-03-2026** **Time: 7.35 AM**

---

**বিশেষ বিশেষ খবর –**

১) রাজ্যে বিধানসভা নির্বাচনে প্রথম দফার জন্য মনোনয়ন প্রক্রিয়া শুরুর প্রথম দিনেই ৭৮ টি মনোনয়ন জমা পড়েছে।

২) এসআইআর-এর আওতায় বিবেচনাধীন থেকে নিষ্পত্তি হওয়া ভোটারদের পঞ্চম অতিরিক্ত তালিকা প্রকাশিত হয়েছে।

৩) বিধানসভা ভোটের আগে নির্বাচন কমিশন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরেও একাধিক রদবদল করেছে।

৪) কলকাতার গার্ডেনরিচ শিপ বিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড, তিনটি অত্যাধুনিক যুদ্ধ জাহাজ নৌবাহিনীকে হস্তান্তর করেছে।

৫) অনুকুল বায়ুপ্রবাহ ও জলীয় বাষ্পের কারণে আজ উত্তর ও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ঝড়বৃষ্টির পূর্বাভাস।

-----------------------------------------------------------------------------------------

রাজ্যে বিধানসভা নির্বাচনে প্রথম দফার জন্য মনোনয়ন প্রক্রিয়া শুরুর প্রথম দিনেই ৭৮ টি মনোনয়ন জমা পড়েছে। নির্বাচন কমিশনের প্রকাশিত তথ্য অনুযায়ী, পূর্ব মেদিনীপুরে নন্দকুমার, মহিষাদল এবং নন্দীগ্রাম—এই তিন কেন্দ্রেই ৩টি করে মনোনয়ন

জমা পড়েছে। এছাড়াও পশ্চিম মেদিনীপুরের খড়গপুর কেন্দ্রেও জমা পড়েছে ৩টি মনোনয়ন।

অন্যদিকে, কেচবিহার জেলায় এখনও পর্যন্ত ৮ টি মনোনয়নপত্র জমা হয়েছে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল নন্দীগ্রাম কেন্দ্র থেকে তাঁর মনোনয়ন দাখিল করেন। সঙ্গে ছিলেন কেন্দ্রীয় মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান, দলের নেতা দিলীপ ঘোষ প্রমুখ।

উল্লেখ্য, গতকালই প্রথম দফায় ১৫২ টি আসনে ভোটগ্রহণের জন্য বিজ্ঞপ্তি জারি হয়।৬ ই এপ্রিল পর্যন্ত প্রার্থীপদ দাখিল করা যাবে। পরদিন জমা পড়া মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ৯ ই এপ্রিল। প্রথম দফায় আগামী ২৩ শে এপ্রিল ভোট নেওয়া হবে। সকাল সাতটায় ভোট গ্রহণ শুরু হয়ে চলবে সন্ধ্যা ৬ টা পর্যন্ত।

-------------------------

এসআইআর-এর আওতায় বিবেচনাধীন থেকে নিষ্পত্তি হওয়া ভোটারদের পঞ্চম অতিরিক্ত তালিকা প্রকাশিত হয়েছে। গতকাল প্রকাশিত এই তালিকায় প্রায় ৩ লক্ষের নাম রয়েছে। এপর্যন্ত সব মিলিয়ে প্রায় ৩৮ লক্ষের নাম তালিকাভুক্ত হল।

নাম বাদ পড়া ভোটারদের জন্য বিচারবিভাগীয় ট্রাইব্যুনালে অনলাইনে আবেদনের প্রক্রিয়া ইতোমধ্যেই শুরু হয়েছে।

-------------------------

বিধানসভা নির্বাচনের আগে পুলিশ প্রশাসনে সর্বস্তরে ব্যাপক রদবদলের পর নির্বাচন কমিশন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরেও একদফা রদবদল করেছে। সুব্রত পালকে উপ মুখ্য নির্বাচনী আধিকারিক পদ থেকে সরিয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতরে সিনিয়র ডেপুটি সেক্রেটারি পদে পাঠানো হয়েছে। একই সঙ্গে সিইও দফতরের আরও তিন শীর্ষ আধিকারিককে বদলি করা হয়েছে। নরেন্দ্রনাথ দত্তকে শ্রম দফতরের অতিরিক্ত সচিবের দায়িত্ব দেওয়া হয়েছে।

অন্যদিকে, সুপ্রিয় দাসকে খাদ্য প্রক্রিয়াকরণ এবং উদ্যানপালন দফতরের অতিরিক্ত সচিব করে পাঠানো হয়েছে। তাঁরা দুজনেই সিইও দপ্তরের অতিরিক্ত সচিব পদে ছিলেন। যুগ্ম সচিব মিঠু সরকারকে সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দফতরে স্থানান্তর করা হয়েছে।

এদিকে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অতিরিক্ত সচিব রাহুল নাথকে যুগ্ম সিইও করা হয়েছে।

উল্লেখ্য, বিজ্ঞপ্তি জারি করে গতকালই এই রদবদলের কথা জানানো হয়েছে।

------------------------

বিধানসভা নির্বাচনের সঙ্গে যুক্ত প্রত্যেক সরকারি ও বেসরকারি কর্মীকে বিনামূল্যে চিকিৎসার সুবিধা দেবে রাজ্য সরকার। স্বরাষ্ট্র দপ্তর থেকে গতকাল এই মর্মে একটি বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, কর্তব্যরত অবস্থায় অসুস্থ বা দুর্ঘটনার কবলে পড়লে, তারা ওই সুবিধা পাবেন। বেসরকারি হাসপাতালেও তাঁরা চিকিৎসা করাতে পারবেন। নির্বাচন শেষ না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট নিরাপত্তা কর্মী অর্থাৎ রাজ্য পুলিশ, সশস্ত্র পুলিশ,

হোমগার্ডরা এর আওতায় পড়বেন। কেন্দ্রীয় বাহিনী ও ভিন রাজ্য থেকে আসা পুলিশকর্মীদেরও ওই সুবিধা দেওয়া হবে।

-------------------------

রাজ্যে বিধানসভা নির্বাচনের দামামা বেজে ওঠার সঙ্গেই শুরু হয়েছে জোরদার প্রস্তুতি। পূর্ব বর্ধমান জেলাও তার ব্যতিক্রম নয়। ভোটের দিন যতই এগিয়ে আসছে, জেলায় বাড়ছে নির্বাচনী উত্তাপ।এক নজরে দেখে নেওয়া যাক এই জেলার ভোটচিত্র।

(ভিসি-তনুশ্রী)

-------------------------

ভোটার তালিকায় নাম বাদ পড়াকে কেন্দ্র করে বিভিন্ন জেলা থেকে প্রতিবাদ বিক্ষোভের খবর পাওয়া গেছে।

কোচবিহারের ঘুঘুমারি, দিনহাটার বিভিন্ন এলাকা, ঘোকসাডাঙ্গাতে গতকাল পথ অবরোধে সামিল হন স্থানীয় বাসিন্দারা। ফালাকাটা-মাথাভাঙা রাজ্য সড়ক চার ঘন্টা অবরুদ্ধ থাকে।

দক্ষিণ ২৪ পরগণার জয়নগরে গড়দেওয়ানি পঞ্চায়েতে বামনেরচকে বেলেরোড অবরোধ করেন নাম বাদ পড়া ভোটাররা।

উত্তর ২৪ পরগণা মিঁনাখা, হুগলীর খানাকুল, গোঘাটেও বিক্ষোভ দেখান এলাকার বাসিন্দারা।

মালদার রতুয়া, কালিয়াচকেও একই চিত্র নজরে আসে।

-------------------------

কলকাতায় গার্ডেনরিচ শিপ বিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড – জিআরএসই, তিনটি অত্যাধুনিক যুদ্ধ জাহাজ নৌবাহিনীকে হস্তান্তর করেছে। দুনাগিরি, সংশোধক এবং আগ্রে এই তিনটি জাহাজ সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে নির্মিত হয়েছে। দুনাগিরি নির্দিষ্ট লক্ষ্যে ক্ষেপনাস্ত্রের আঘাত হানতে সক্ষম। সংশোধক মূলত উপকূল ও অন্য স্থানে সমীক্ষার কাজ করবে। শত্রুপক্ষের ডুবোজাহাজ ধ্বংস করতে সক্ষম আগ্রে। এই নিয়ে গার্ডেনরিচ শিপ বিল্ডার্স, ৮০ টি রণতরী নৌবাহিনীর হাতে তুলে দিল।

-------------------------

চলতি অর্থবছরের শেষ দিনে  আজ রাজ্য সরকার সব ট্রেজারি এবং পে এন্ড একাউন্ট অফিস খোলা রাখার নির্দেশ দিয়েছে। চলতি অর্থবর্ষ সংক্রান্ত বিল ও এডভাইস আজ বিকেল চারটে পর্যন্ত গ্রহণ করা হবে বলে জানানো হয়েছে। পাশাপাশি আজ মধ্যরাত পর্যন্ত সরকারি রসিদ গ্রহণ করা হবে।

অর্থবর্ষের শেষ দিনে নানা দফতরের আর্থিক লেনদেনের চাপ থাকায় আয়-ব্যয়ের হিসেব নির্ভুলভাবে সম্পন্ন করার লক্ষ্যেই এই সিদ্ধান্ত।

-------------------------

অনুকুল বায়ুপ্রবাহ এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প প্রবেশের কারণে উত্তর ও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজ বৃষ্টির সম্ভাবনা।

দক্ষিণবঙ্গের হাওড়া, হুগলি,  পূর্ব বর্ধমান, নদীয়া, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা এবং বাঁকুড়ায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া এবং বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির কমলা সর্তকতা জারি করা রয়েছে। কোথাও কোথাও শিলা বৃষ্টির সম্ভাবনা।

উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

এদিকে গতসন্ধ্যার পর কলকাতা সহ বিভিন্ন জেলায় বিক্ষিপ্ত বৃষ্টির ফলে আজ তাপমাত্রা আবার কিছুটা কমেছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৩ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ১ দশমিক ৬ ডিগ্রি কম।

------------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'গ্রামীণ যুবকদের নতুন আয়ের উৎস হয়ে উঠছে উন্নত জাতের মুরগি পালন' । এই নিয়ে হুগলী কৃষি বিজ্ঞান কেন্দ্রের কৃষি সম্প্রসারণ বিভাগের বিষয়বস্তু বিশেষজ্ঞ ডক্টর সৈকত সাহার সঙ্গে কথা বলেছেন দিব্য দে।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

------------------------

দেশের অন্যান্য অংশের সঙ্গে আজ এরাজ্যেও নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে মহাবীর জয়ন্তী পালিত হচ্ছে। শেষ জৈন তীর্থঙ্কর ভগবান মহাবীরের জন্মজয়ন্তীতে জৈন মন্দিরগুলি আলোরমালায় সাজিয়ে তোলা হয়েছে। জৈন সম্প্রদায়ের অন্যতম গুরুত্বপূর্ণ এই উৎসবে বিশেষ প্রার্থনা, প্রসাদ বিতরণ এবং শোভাযাত্রার আয়োজন করা হয়ে থাকে। মহাবীরের অহিংসা, সত্য এবং ত্যাগের বাণী প্রচারের মধ্য দিয়ে উদযাপিত হয় এই উৎসব।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, মহাবীর জয়ন্তী উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন। অহিংসা, সত্য, অস্তেয় অর্থাৎ চুরি না করা, ব্রহ্মচর্য এবং অপরিগ্রহ বা অনাসক্তি মহাবীরের এই পাঁচটি আদর্শ অনুসরণের জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছেন তিনি।

------------------------ ------------------------